

বিরস দিন বিরল কাজ, প্রবল বিদ্রোহে
 এসেছ প্রেম, এসেছ আজ কী মহা সমারোহে ॥
 একেলা রই অলসমন, নীরব এই ভবনকোণ,
 ভাঙিলে দ্বার কোন্‌ সে ক্ষণ অপরাজিত ওহে ॥
 কানন-'পর ছায়া বুলায়, ঘনায় ঘনঘটা ।
 গঙ্গা যেন হেসে দুলায় ধূর্জটির জটা ।
 যেথা যে রয় ছাড়িল পথ, ছুটালে ওই বিজয়রথ,
 আঁখি তোমার তড়িতবৎ ঘনঘুমের মোহে ॥

Parjaay: Prem, Taal: Jhampak, Raag: Khambaj
 Visit www.geetabitan.com for notation and other detail